

# ছাত্রসংসদ নির্বাচনে বাধা সরল রোকেয়া বিশ্ববিদ্যালয়ে

বেরোবি প্রতিনিধি



রংপুরে অবস্থিত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি)-এ

ছাত্রসংসদ নীতিমালা পাস করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আজ  
সোমবার (২৭ অক্টোবর) বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন  
প্রতিষ্ঠানটির উপাচার্য অধ্যাপক ড. শওকাত আলী।

উপাচার্য বলেন, ‘ছাত্রসংসদের নীতিমালা পাস করা হয়েছে।

আগামীকালই গেজেট প্রকাশিত হতে পারে।

,

এর আগে ছাত্রসংসদ আইনের খসড়া বিশ্ববিদ্যালয়ের একাডেমিক  
কাউন্সিল ও সিডিকেট সভায় অনুমোদনের পর রাষ্ট্রপতির কাছে  
পাঠানো হয়। রাষ্ট্রপতির অনুমোদন পাওয়ার পর বিধানটি  
বিশ্ববিদ্যালয় আইনে অন্তর্ভুক্ত করা হয়। এর মধ্য দিয়ে বেগম

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংসদ নির্বাচনে আর কোনো বাধা  
রইল না।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড.  
মো. ইলিয়াস প্রামাণিক বলেন, ‘রাষ্ট্রপতি কর্তৃক বেগম রোকেয়া  
বিশ্ববিদ্যালয় ছাত্রসংসদের আইন আজ বিকেলে অনুমোদিত  
হয়েছে।

আগামীকাল প্রজ্ঞাপন জারি করা হবে বলে জানিয়েছেন ছাত্র  
পরামর্শ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. ইলিয়াস  
প্রামাণিক। ফলে এখন ছাত্রসংসদ নির্বাচন অনুষ্ঠানে আর কোনো  
বাধা থাকছে না।’

দীর্ঘদিন ধরে গণতান্ত্রিক চর্চা, অধিকার আদায় ও ন্যায্য দাবি  
বাস্তবায়নের অংশ হিসেবে ছাত্রসংসদ নির্বাচনের দাবি জানিয়ে  
আসছিলেন শিক্ষার্থীরা। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাজশাহী  
বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংসদ নির্বাচনের প্রক্রিয়া শুরু হওয়ায়  
বেরোবির শিক্ষার্থীদের মধ্যেও আন্দোলন ও দাবির চেট ওঠে।

গত ১৭ আগস্ট বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের উত্তর ফটকে  
প্রতিষ্ঠানটির আট শিক্ষার্থী আমরণ অনশনে বসেন। তাদের অনশন  
ভাঙ্গার সময় ৩১ অক্টোবরের মধ্যে ছাত্র সংসদ আইন পাস করা  
হবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন উপাচার্য।

প্রসঙ্গত, ২০০৮ সালে প্রতিষ্ঠার পর থেকে বেগম রোকেয়া  
বিশ্ববিদ্যালয়ে কোনো কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়নি।  
ক্যাম্পাসে এক সময় নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের একচেটিয়া প্রভাব  
থাকায় নির্বাচন আয়োজনের উদ্যোগও ব্যাহত হয়। তবে বর্তমান  
প্রশাসনের উদ্যোগে অবশ্যে ১৭ বছরের অচলাবস্থার অবসান  
ঘটল বলে মনে করছেন শিক্ষার্থীরা।